



বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট

নশিপুর, দিনাজপুর-৫২০০

Bangladesh Wheat and Maize Research Institute

Nashipur, Dinajpur-5200

www.bwmri.gov.bd

কৃষিই সমৃদ্ধি



Tel. : 0531-63342

PABX : 63957

Mobile No: 01713-363630

E-mail : dg.bwmri@gmail.com

mdisrail@gmail.com

স্মারক নং- ১২.২৬.০০০০.০০১.২৭.০০১.১৮- ৭৩৭

তারিখ : ১৬/১১/২০২০

বরাবর

ড. মোঃ নূর আলম

বৈজ্ঞানিক কর্মকর্তা ও খামার তত্ত্বাবধায়ক

বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট

নশিপুর, দিনাজপুর


বিষয় : মাননীয় সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়কে মিথ্যা বানোয়াট ও ভিত্তিহীন তথ্য সরবরাহের কৈফিয়ত এর জবাব প্রদান প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি বর্তমানে অত্র কেন্দ্রে খামার তত্ত্বাবধায়ক এর দায়িত্ব পালন করছেন। গত ২০১৯-২০ মৌসুমে পঞ্চগড় সিটমহলসহ বিভিন্ন স্থানে অত্র ইনস্টিটিউট এর পক্ষ থেকে গম ও ভুট্টার প্রদর্শনী প্লট স্থাপন করা হয় ও বিনামূল্যে সার, বীজ ও কীটনাশক সরবরাহ করা হয়। অনেক ব্যাপারে আপনি কর্তৃপক্ষকে অবগত না করেই অফিস ক্রয় নীতির বিধি বহির্ভূতভাবে অধিযাচন ছাড়াই বাকিতে দোকান থেকে সার কীটনাশক ক্রয় করেন। কিন্তু বিগত কয়েকদিন আগে আপনি এ ব্যাপারে কর্তৃপক্ষের অনুমতি ছাড়াই কর্তৃপক্ষকে দোষি সাব্যস্ত করে বর্তমান সচিব মহোদয়, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় বরাবরে ই-মেইল এর মাধ্যমে অবহিত করেন। যাতে আপনার ধৃষ্টতা ও অফিস আচরণ-বিধির চরম লঙ্ঘন পরিলক্ষিত হয়। আপনি এহেন কার্যকলাপ এর মাধ্যমে শুধু কর্তৃপক্ষকেই নয়, নবপ্রতিষ্ঠিত ইনস্টিটিউট এর ভাবমূর্তি ক্ষুন্ন করেছেন। কয়েকদিন আগে সচিব মহোদয় বিডাল্লিউএমআরআই সফর করে গেছেন এবং বিডাল্লিউএমআরআই এর চলমান গবেষণা ও গৃহিত ভবিষ্যত পরিকল্পনা জেনে সন্তোষজনক অভিমত প্রকাশ করেছেন। এ অবস্থায় আপনি সচিব মহোদয়কে মিথ্যা বানোয়াট তথ্য সরবরাহ করেছেন যা চরম অফিস নীতি বহির্ভূত ও গর্হিত অপরাধ।

১. মহাপরিচালক মহোদয় গুদাম রক্ষক এর সাথে নিয়ে সার ক্রয় করলে আপনার কাছে দোকানদার কেন সারের টাকা দাবী করে ? তার জবাব

২. মহাপরিচালক মহোদয় গুদাম রক্ষক এর দিয়ে সার ক্রয় করেছেন তার উপযুক্ত প্রমানসহ

এবং এ ব্যাপারে আপনার বিরুদ্ধে কেন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবেনা তার জবাব আগামী ৩ (তিন) দিবসের মধ্যে লিখিতভাবে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা দেয়ার অনুরোধ করা হলো।


১৬/১১/২০২০

(ড. মোঃ এছরাইল হোসেন)

মহাপরিচালক (চলতি দায়িত্ব)

ফোন: ০৫৩১-৬৩৩৪২

অনুলিপি :

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২. অতিরিক্ত সচিব (গবেষণা) মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৩. অফিস নথি